দৈনিক ইত্তেফাক

তারিখ ৩/১১/২০০০
পৃষ্ঠা ৩ কলাম ৬

37

খুলনা বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# ৫২০টি আসনে ১০ হাজারের বেশি আবেদনপত্র

খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০০০-২০০১ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য নির্ধারিত ৫২০টি আসনের বিপরীতে ১০ হাজারেরও বেশী আবেদনপত্র জমা পড়িয়াছে। আগামী ৯ই নভেম্বর প্রাথমিক বাছাইয়ের পর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হইবে। আগামী ১৯, ২০ ও ২১শে নভেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ৫টি স্কুলের অধীনে মোট ১৫টি ডিসিপ্লিন রহিয়াছে। বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি বিদ্যা স্কুলের ৫টি ডিসিপ্লিনের নির্ধারিত আসন সংখ্যা হইতেছে ১৭০টি। এই ডিসিপ্লিনে ভর্তির জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ৩ হাজার ৬০৯টি। জীববিজ্ঞান স্কুলের অধীন ডিসিপ্লিনের সংখ্যা ৭টি। এই স্কুলের ২৪০টি আসনের জন্য ২ হাজার ৭০০টি

(১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

খুলনা বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

আবেদনপত্র জমা পড়িয়াছে। ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন, স্কুলের অধীনে আসন সংখ্যা ৫০টি। আবেদনপত্র জমা পড়িয়াছ ১ হাজার ৭৬৪টি। কলা ও মানবিক স্কুলের অধীন একটি ডিসিপ্লিনে আসন সংখ্যা মাত্র ৩০টি। আবেদনপত্র জমা পড়িয়াছে ১ হাজার ৪৫৪ টি। ইহাছাড়া সামাজিক বিজ্ঞান স্কুলের অধীন একটি ডিসিপ্লিনের ৩০টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ৯৭০টি।